05 SEP 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

দৈনিক সংবাদ

19

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবিরের ঘেরাও

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৪ঠা সেপ্টেম্বর।– ইসলামী ছাত্রশিবির আজ ভোর থেকে বিকেল পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস ও প্রশাসনিক ভবন ঘেরাও করে রাখে। উপচার্য অফিসে যেতে না পারায় আজ বাসাতেই অফিসের কাজকর্ম করেন।

শিবির কর্মীরা প্রশাসনিক ভবনে যাতয়াতের সকল পথে ব্যরিকেড দেয়। কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যেতে বাধা দেয়া হয়। প্রশাসনিক ভবনে কোন যানবাহন যেতে পারেনি।

গত মে মাসে সংঘটিত সন্ত্রাসী

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## শিবিরের ঘেরাও

(১ম পাতার পর)

ঘটনার বিষয়ে গঠিত তদন্ত কমিটি বাতিলসহ ৭ দফা দাবীতে শিবির কর্মীরা সকাল ৮টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত এই ঘেরাও করে। এ ঘটনা শিক্ষক, ছাত্রছাত্রী ও কর্মচারীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। দাবী আদায়ে আগামীকাল ও পরশুও ঘেরাও চলবে বলে শিবির সূত্রে জানা গেছে। বিশ্ববিদ্যালয় এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

### বিক্ষোভ দিবস পালিত

অপরদিকে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট অবিলম্বে প্রকাশ ও দোষীদের শাস্তিসহ ১০দফা আদায়ের লক্ষ্যে চাকসু সর্বদলীয় ছাত্র ঐক্যের যৌথ উদ্যোগে আজ বিক্ষোভ দিবস পালন করা হয়। ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলশেষে সকাল ১০টায় চাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে চাকসু ভিপি নাজিমউদ্দিন, জিএস আজিমউদ্দিন ও ছাত্র ঐক্যের মনজুরুল আলম শাহীন বক্তব্য রাখেন। তারা শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সকল মহলের প্রতি আহ্বান জানান।